বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
নব নিয়োগ শাখা, প্রশাসন বিভাগ
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.০০০.২১১.০১.০০৩৯.২৬-৮৯১৫

তারিখ : ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি - ২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://caab.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। **অনলাইন (online) ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না:**

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | রেডিও টেকনিশিয়ান<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা বা ফলিত পদার্থবিদ্যা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |
| ২. | ফায়ার সুপারভাইজার<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, ফলিত রসায়ন, পদার্থবিদ্যা বা ফলিত পদার্থবিদ্যা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |
| ৩. | সহকারী নিরাপত্তা কর্মকর্তা<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | হিসাব রক্ষক<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৬ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসা শিক্ষা বা ব্যবসা প্রশাসনে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) হিসাব রক্ষণ সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটারে এম,এস, অফিস, ইউনিকোড ও বেসিক ডাটা বেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ৫. | সম্পত্তি পরিদর্শক<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৬. | হর্টিকালচার ইন্সপেক্টর<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৭. | স্যানিট্যারি ইন্সপেক্টর<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা সার্টিফিকেটধারী। |
| ৮. | তথ্য সহকারী (মহিলা)<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৮ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা; এবং<br>(গ) সুস্পষ্ট উচ্চারণে বাংলা ও ইংরেজি বলার যোগ্যতা এবং আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী হইতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৯. | এয়ারপোর্ট ফায়ার লীডার<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১০. | নিরাপত্তা অধিক্ষক (মহিলা)<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(গ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | নিরাপত্তা অধিক্ষক (পুরুষ)<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার; এবং<br>(গ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২. | নিরাপত্তা অধিক্ষক<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৬ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩. | গ্রন্থাগারিক<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা। |
| ১৪. | উচ্চমান সহকারী<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সবনিম্ন ২০ শব্দ। |
| ১৫. | গ্যাস টেকনিশিয়ান<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মেশিন টুলস অপারেশনস ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৬. | এয়ারক্র্যাফট মার্শালার<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ১৭. | অগ্নি নির্বাপক মোটর চালক<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের ডিগ্রি;<br>(খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সপ্রাপ্ত;<br>(গ) প্রার্থীর উচ্চতা ১৭০ সেন্টিমিটার ও বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৪ সেন্টিমিটার ও সম্প্রসারিত অবস্থায় ৮৮ সেন্টিমিটার; এবং<br>(ঘ) প্রার্থীর ওজন অন্যূন ৫০ কেজি। |
| ১৮. | নিরাপত্তা অপারেটর<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫' ৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫' ৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার; |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | | | | (গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫′ ২″), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫′) এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯. | নিরাপত্তা অপারেটর (পুরুষ)<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫′ ৬″), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫′ ৫″) এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০. | নিরাপত্তা অপারেটর (মহিলা)<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫′ ২″), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫′) এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(গ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১. | হিসাব সহকারী<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসা শিক্ষা বা ব্যবসা প্রশাসনে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে এম,এস, অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা সম্পন্ন। |
| ২২. | ফোরম্যান (সিভিল)<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স বা ড্রাফটিং সিভিল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২৩. | ড্রাফটসম্যান/ড্রাফটসম্যান কাম ক্যাড অপারেটর<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে সিভিল/আর্কিটেকচারাল ড্রাফটিং এ সার্টিফিকেট প্রাপ্ত। |
| ২৪. | টেলিফোন অপারেটর<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। |
| ২৫. | বোর্ডিং ব্রীজ অপারেটর<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৬৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রোমেশিনারি, ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স, ইলেক্ট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন বা মেশিন টুল অপারেশন এন্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; অথবা<br>জেনারেল ইলেক্ট্রনিক্স, জেনারেল মেকানিক্স, মেশিন টুল অপারেশন, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস, ইলেকট্রিক্যাল মেইন্টেনেন্স ওয়ার্কস বা রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২৬. | বহিরংগন সহকারী<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিল্ডিং কনস্ট্রাকশন এন্ড মেইনটেন্যান্স বা ড্রাফটিং সিভিল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সিভিল কাজে অন্যূন ০১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২৭. | মোটর মেকানিক<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ২৮. | মোটর পরিবহন ফিটার ড্রাইভার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোটিভ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা গাড়ী চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ২৯. | পুরোহিত<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সর্বজনীন পূজা পরিচালনার অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩০. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩৮ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণ প্রাপ্ত ও দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সবনিম্ন ২০ শব্দ। |
| ৩১. | সার্ভেয়ার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোনো ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সার্ভে কোর্স উত্তীর্ণ। |
| ৩২. | ড্রাইভার/মোটর পরিবহন চালক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৪৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা গাড়ী চালনায় বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |
| ৩৩. | স্টোরম্যান<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৬ | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪. | ডাটা এন্ট্রি অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ৩৫. | সহকারী ড্রাফটসম্যান<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেট প্রাপ্ত। |
| ৩৬. | সহকারী রেডিও টেকনিশিয়ান<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৪ | কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের ডিগ্রি। |
| ৩৭. | টেলিপ্রিন্টার মেকানিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের ডিগ্রি। |
| ৩৮. | এয়ারপোর্ট ফায়ার অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৫৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞানে দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের ডিগ্রি;<br>(খ) প্রার্থীর উচ্চতা ১৭০ সেন্টিমিটার ও বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৪ সেন্টিমিটার ও সম্প্রসারিত অবস্থায় ৮৮ সেন্টিমিটার; এবং<br>(গ) প্রার্থীর ওজন অন্যূন ৫০ কেজি। |
| ৩৯. | ফিটার মেকানিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রো মেশিনারি, অটোমোবাইল বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) ফিটার মেকানিক এর কাজে অন্যূন ০১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৪০. | কাঠমিস্ত্রি (কার্পেন্টার)<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইন্ডাস্ট্রিয়াল উড ওয়ার্কিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) কার্পেন্টিং এর কাজে অন্যূন ১ (এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৪১. | কনভেয়ার বেল্ট অপারেটর/ কনভেয়ার অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২১ | কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রোমেশিনারি, ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স বা মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৪২. | ইঞ্জিন চালক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রো মেশিনারি, অটোমোবাইল বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে ০২ (দুই) বৎসর মেয়াদি উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড হইতে "বি" ও "সি" ক্যাটাগরির পারমিটধারী। |
| ৪৩. | অটো-ইলেকট্রিশিয়ান (যানবাহন বিদ্যুৎ কারিগর)<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রোমেশিনারি, অটোমোবাইল বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) অটো ইলেকট্রিশিয়ান কাজে অন্যূন ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪৪. | বার্ড স্যুটার<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রার্থীর উচ্চতা অন্যূন ১৬২.৫ সেন্টিমিটার তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭.৫ সেন্টিমিটার;<br>(গ) প্রার্থীর ওজন অন্যূন ৫০ কিলোগ্রাম;<br>(ঘ) প্রার্থীর বুকের মাপ স্বাভাবিক অবস্থায় অন্যূন ৮৬ সেন্টিমিটার এবং সম্প্রসারিত অবস্থায় অন্যূন ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঙ) দৃষ্টিশক্তির পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ৪৫. | মাস্টলস্কর<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ২৫০ ফুট উচ্চ মাস্তুলে উঠার যোগ্যতা। |
| ৪৬. | সশস্ত্র নিরাপত্তা প্রহরী<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৭৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬২.৫ সেন্টিমিটার, তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেন্টিমিটার এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫২.৫ সেন্টিমিটার, তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেন্টিমিটার এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) পুরুষ প্রার্থীর ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ওজন ৪৫ কেজি। |
| ৪৭. | জুনিয়র নিরাপত্তা অপারেটর<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫′৬″), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫′৫″) এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫′২″), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫′) এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮. | প্লাম্বার<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং, ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪৯. | তার কারিগর (ওয়ারম্যান)<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৮ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস বা ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(গ) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড হইতে "বি" ও "সি" ক্যাটাগরির পারমিটধারী। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৫০. | ডেন্টার<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অটোমোটিভ, ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) ডেন্টিং কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫১. | ডেসপ্যাচ রাইডার<br>টাঃ ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় পারদর্শী। |
| ৫২. | সার্ভেয়ার সহকারী<br>টাঃ ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সার্ভে কোর্স উত্তীর্ণ। |
| ৫৩. | সহকারী রাজমিস্ত্রী<br>টাঃ ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিল্ডিং মেইনটেন্যান্স, সিভিল কনস্ট্রাকশন বা প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং ট্রেডে ০২ (দুই) বৎসর মেয়াদি মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৪. | পাম্প চালক ও পাম্প মিস্ত্রী<br>টাঃ ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি বা অটোমোটিভ ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) পাম্প চালনায় অন্যূন ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৫৫. | মুয়াজ্জিন<br>টাঃ ৮,৫০০-২০,৫৭০/-<br>গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দাখিল পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুললিত কণ্ঠে আযান দানে পারদর্শী। |
| ৫৬. | ট্রাফিক হ্যান্ড<br>টাঃ ৮,৫০০-২০,৫৭০/-<br>গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৬ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৭. | সহকারী অপারেটর<br>টাঃ ৮,৫০০-২০,৫৭০/-<br>গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি, অটোমোটিভ, জেনারেল মেকানিক্স বা মেশিন টুলস অপারেশন ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ। |
| ৫৮. | লাউঞ্জ রুম পরিচালক<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৯. | চেইনম্যান<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাস। |
| ৬০. | মালী<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) মালীর কাজে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬১. | ট্রলীম্যান<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬২. | পরিচ্ছন্নতা কর্মী<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২৭ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(৮০% পদ জাত হরিজনদের জন্য সংরক্ষিত থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে) |
| ৬৩. | অফিস সহায়ক<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৬৫ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৪. | বেলদার<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১২ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৫. | রেডিও ক্লিনার<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের ডিগ্রি। |
| ৬৬. | নিরাপত্তা প্রহরী<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| | | | | বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬৭. | প্লাম্বার (হেলপার)<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি বা প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ। |
| ৬৮. | হেলপার (ই/এম)<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১১ | কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি, মেশিন টুলস অপারেশন, জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস বা জেনারেল মেকানিক্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ। |
| ৬৯. | মোটর পরিবহন ক্লিনার<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ২ | কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি, মেশিন টুলস অপারেশন বা জেনারেল মেকানিকস ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ। |
| ৭০. | বাহক<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭১. | মেট<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭২. | সহকারী বাবুর্চি<br>টাঃ ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড-২০ | অনূর্ধ্ব ৩২ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

২.০ **নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

(ক) সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

(খ) সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করার পরামর্শ দেয়া হলো।

(গ) **১ জুলাই ২০২৬** তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ বয়সসীমা বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। রিট পিটিশন নং-**১১০১০/২০২১** এর রায়ের প্রেক্ষিতে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে দৈনিক মজুরির ভিত্তিতে নিয়োজিত ১৮ (আঠার) জন ক্যাজুয়েল লেবারের জন্য শুধু বয়স শিথিলযোগ্য।

(ঘ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও সংবিধিবদ্ধ সংস্থায় চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে। **এছাড়া ,অনলাইনে আবেদন করার সময় চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতি পত্রের স্মারক নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।**

(ঙ) Online আবেদনপত্রে প্রার্থীকে তাঁর অর্জিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সকল তথ্যাদি উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ নেই।

(চ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ছ) কেবলমাত্র নির্ধারিত এমসিকিউ, লিখিত, মৌখিক, মেডিকেল/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

(জ) এমসিকিউ/লিখিত/মৌখিক/মেডিকেল/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ঞ) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(ট) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/সংশোধন/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কোন কারণে নিয়োগের যে কোন পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল করা হলে কোন আবেদনকারী তাকে নিয়োগ প্রদানের জন্য দাবী করতে পারবেন না বা দাবী করলেও তা আইনানুগভাবে গৃহীত হবে না।

৩.০ **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ **http://caab.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭ জুলাই ২০২৬ খ্রিঃ সকাল - ১০:০০ টা।**

**(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬ আগস্ট ২০২৬ খ্রিঃ বিকাল - ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, পরীক্ষার ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় পরীক্ষার ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত করা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে একটি রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। **উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ডাউনলোড করে সংরক্ষণ করবেন।** Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক গত ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নবর্ণিত ছক মোতাবেক "পরীক্ষার ফি"** অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**"পরীক্ষার ফি" এর হার নিম্নরূপ-**

| ক্রমিক নং | পদের গ্রেড | পরীক্ষা ফি + টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) |
|---|---|---|
| ১ | ১২তম গ্রেড | ১৫০+১৮ = ১৬৮/- |
| ২ | ১৩তম থেকে ১৬তম গ্রেড | ১০০+১২ = ১১২/- |
| ৩ | ১৭তম থেকে ২০তম গ্রেড | ৫০+৬ = ৫৬/- |
| ৪ | অনগ্রসর নাগরিক : ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ | ৫০+৬ = ৫৬/- |

**"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

**প্রথম SMS :** **CAAB** <space> **User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:* **CAAB ABCDEF**

Reply: Applicant's name, TK. 168/112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee type CAAB <space>YES<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS :** **CAAB** <space> **YES** <space> **PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

*Example:* **CAAB YES xxxxxxxx**

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for CAAB. Application for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **https://caab.teletalk.com.bd** অথবা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি এমসিকিউ/লিখিত/মৌখিক/মেডিকেল/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID জানা থাকলে:**
**CAAB**<space>**Help**<space>**User**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* **CAAB HELP USER ABCDEF**

ii. **PIN Number জানা থাকলে:**
**CAAB**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* **CAAB HELP PIN **********

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের **www.caab.gov.bd** ওয়েবসাইটে বা **https://caab.teletalk.com.bd** অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি (নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য) www.caab.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: CAAB, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক প্রদত্ত আবেদনে সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.০ **প্রার্থীর যোগ্যতা যাচাই :**
প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। **মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং নবম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মচারী কর্তৃক সকল কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে।**

(ক) Online-এ পূরণকৃত Applicant's copy ও Admit Card কালার প্রিন্ট দাখিল করতে হবে।

(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) সংশ্লিষ্ট কোটা দাবীর সমর্থনে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি। জাতীয় পরিচয়পত্র না থাকলে তাদের জন্ম নিবন্ধন পত্রের সত্যায়িত অনুলিপি।

৫.০ সরকারের সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৬.০ নিয়োগকৃতদের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন যে কোনো দপ্তর/বিভাগ/ইউনিট/বিমানবন্দরে পদায়ন করা হবে।

৭.০ উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৮.০ আবেদন করার শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

20.07.26

**(মোহাম্মদ ইকরাম উল্লাহ)**
পরিচালক
(মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রবেশ এর **QR Code**

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের টেলিটক পোর্টালের **QR Code**